

Organised by



Sri Ramakrishna Math  
Chennai.

125<sup>th</sup>  
Anniversary of  
Swami Vivekananda's  
Chicago  
addresses  
HARMONY  
AND  
PEACE  
AND  
NOT  
DISSENSION



# বিবেকানন্দ শর্ট ফিল্ম প্রতিযোগিতা

₹  
**4 lakh**  
AWARDS

বিশ্বব্যাপী স্বামী বিবেকানন্দের চিকাগো বক্তৃতার ১২৫ বৎসর পূর্তি স্মরণে

প্রিয় যুববৃন্দ,

আজ থেকে ১২৫ বৎসর পূর্বে ১৮৯৩ খ্রীষ্টাব্দের ১১-ই সেপ্টেম্বর স্বামী বিবেকানন্দ বিশ্ব ধর্মমহাসভার মঞ্চে তাঁর সর্বপ্রথম বক্তৃতাটি প্রদান করেন। প্রথম বক্তৃতাতেই তিনি উপস্থিত সকলকে চমৎকৃত করেন এবং সমগ্র বিশ্বের দৃষ্টি চিরায়ত ভারতের দিকে ফিরিয়ে দেন। বলাবাহুল্য, তাঁর এই যুগান্তকারী বক্তৃতার পরেই ভারতবাসী ও ভারতীয় সংস্কৃতি বিশ্বের দরবারে আপন মর্যাদা ছিনিয়ে নেয়। স্বামীজির বাণী ও রচনা বিগত ১২৫ বৎসর ধরে নিরবচ্ছিন্ন ভাবে সমগ্র পৃথিবীর অগণিত মানুষকে দেখিয়েছে জীবন পথের দিশা, জুগিয়েছে অনুপ্রেরণা। শুধু তাই নয়, বিবেকানন্দ আজও সমান প্রাসঙ্গিক এবং থাকবেন অনাগত বহু শতাব্দীর জন্য। তাঁর জীবন ও বাণী থেকে আমরা সমকালীন বহু সমস্যার মৌলিক সমাধান অনায়াসে পেতে পারি।

এই পূণ্য অবসরে শ্রীরামকৃষ্ণ মঠ, চেন্নাই স্বামীজির বাণীর উপর আধারিত নিম্নপ্রদত্ত ছয়টি বিষয়ের উপর শর্ট ফিল্ম প্রতিযোগিতার আয়োজন করেছে। এই প্রতিযোগিতায় আপনাদের সোৎসাহ অংশগ্রহণে স্বামীজির বাণীর বিপুল প্রচার ও তৎ পরিণামে সমাজের সর্বস্বীন উন্নতি বিধানই সমগ্র প্রচেষ্টার সার্থকতা। প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পুরস্কার সহ আরও ১৫ টি সাঙ্কনা পুরস্কার অর্থমূল্যে প্রদান করা হবে।



## যুবশক্তি ও তার অসীম সম্ভাবনা

“চাই— সেই উদ্যম, সেই স্বাধীনতাপ্রিয়তা, সেই আত্মনির্ভর, সেই অটল ধৈর্য, সেই কার্যকারিতা, সেই একতাবন্ধন, সেই উন্নতিতৃষ্ণা।”

-স্বামী বিবেকানন্দ



## দেশপ্রেম, যা ভারতের এখন প্রয়োজন

“বড় হইতে গেলে কোনো জাতির বা ব্যক্তির পক্ষে তিনটি বস্তুর প্রয়োজন:  
১. সাধুতার শক্তিতে প্রগাঢ় বিশ্বাস।  
২. হিংসা ও সন্দ্বিদ্ধ ভাবের একান্ত অভাব।  
৩. যাহারা সৎ হইতে কিংবা সৎ কাজ করিতে সচেষ্ট, তাহাদিগের সহায়তা।”

-স্বামী বিবেকানন্দ



## নারীশ্বের অন্তর্নিহিত শক্তি

“পাঁচশত পুরুষের সাহায্যে ভারতবর্ষ জয় করতে পঞ্চাশ বছর লাগতে পারে, কিন্তু পাঁচশত নারীর দ্বারা মাত্র কয়েক সপ্তাহের মধ্যেই তা সম্ভব।”

-স্বামী বিবেকানন্দ



## বিশ্বশান্তি: ভারতীয় দৃষ্টিতে

“শীঘ্রই প্রত্যেক ধর্মের পতাকার উপর লিখিত হইবে: ‘বিবাদ নয়, সহায়তা; বিনাশ নয় পরস্পরের ভাবগ্রহণ; মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি।’”

-স্বামী বিবেকানন্দ



## পরস্পরের ভাব গ্রহণে আত্মোন্নতি

“খ্রীষ্টানকে হিন্দু বা বৌদ্ধ হইতে হইবে না; অথবা হিন্দু ও বৌদ্ধকে খ্রীষ্টান হইতে হইবে না; কিন্তু প্রত্যেক ধর্মই অন্যান্য ধর্মের সারভাগগুলি গ্রহণ করিয়া পুষ্টলাভ করিবে এবং স্বীয় বিশেষত্ব বজায় রাখিয়া নিজ প্রকৃতি অনুসারে বর্ধিত হইবে।”

-স্বামী বিবেকানন্দ



## ধর্মানুশীলন: প্রকৃতির প্রয়ত্ত ও সংরক্ষণে

প্রকৃতির পরিপোষণ ও সংরক্ষণে সনাতন ভারতীয় মনীষা সর্বদা সোচ্চার। কিন্তু বর্তমানে জীবনের সর্বক্ষেত্রে তার বিপরীত দেখতে পাওয়া যাচ্ছে। এখন সময়, নিজ নিজ দায়িত্ব কাঁধে তুলে নেওয়ার যে দৃষ্ট আহ্বান স্বামীজি দিয়েছেন তাতে সাড়া দিয়ে সনাতন ধারা গুলির যথাযথ পালন করে আমরা যেন এই পৃথিবীকে অনাগত কালের জন্য সুন্দর বাসযোগ্য রেখে যাই।

## সাধারণ নিয়মাবলী

- অন্তর্ভুক্তিকরণ মূল্য: ১০০ টাকা (online এ জমা দিতে হবে।)
- বয়সসীমা: ১৮-৩৫ বৎসরের যুবক/যুবতী।
- প্রত্যেক ফিল্ম মৌলিক হতে হবে। জন প্রতি Creative Multiple Submissions গ্রাহ্য।
- ফিল্মটি live action অথবা animation অথবা এই দুয়ের সমন্বয়ে হতে পারে।
- Video/audio-র স্বত্বাধিকার যেন লঙ্ঘিত না হয়।
- প্রতিযোগিতা সম্পূর্ণ হওয়ার পূর্বে প্রদত্ত ফিল্মটির অন্য কোথাও প্রকাশনার জন্য পাঠানো কিংবা প্রকাশনা অনুমোদিত নয়।
- নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

## About the Film

Film duration 2-8 minutes

Quality: 2K (1080P) (or) 4K (2160P) with Higher Bit Rate

File size: Up to 20 GB

Any Indian Language/English/Silent

For films in Indian languages, English subtitles must be attached as .srt files

Last date for submission:

**15 February 2019**



15 ENCOURAGING PRIZES EACH ₹10,000

To Register and Upload the video  
visit: <https://events.chennaiamath.org/vsfc19>  
Ph: 63742 13060, 94980 91326, 63742 13050



Sri Ramakrishna Math, 31, Ramakrishna Math Road, Mylapore, Chennai - 600004. Email: [svchicago125@gmail.com](mailto:svchicago125@gmail.com)

[f](https://www.facebook.com/ramakrishnamath) [i](https://www.instagram.com/ramakrishnamath) [y](https://www.youtube.com/ramakrishnamath) /ramakrishnamath

#MakeVivekanandaMovie